

পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ



প্রধান কার্যালয় : বিকাশভবন (তৃতীয় তল, পূর্বপার)

বিধাননগর, কোলকাতা - ৭০০০৯১

শাখা কার্যালয় : রামেন্দ্রসুন্দর, তন্তুজভবন, ডিডি-১৮/৪, সপ্তমতল

বিধাননগর, কোলকাতা - ৭০০০৬৪

(০৩৩)২৩২ ১-৩২৬১

পত্রসংখ্যা : ৮৯৫- পবরমুভিস/২০১৮

তারিখ : ০৫/১১/২০১৮

প্রেরক : ড: অমরেন্দ্র মহাপাত্র
সভাপতি
পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

প্রাপক : সঞ্চালক,

..... পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদের পাঠকেন্দ্র

মহাশয় / মহাশয়া,

আপনার অবগতির জন্য জানানো হচ্ছে যে, আগামী ডিসেম্বর, ২০১৮ - এর মাধ্যমিক পরীক্ষার জন্য তিন কপি নথিভুক্ত নিদর্শ (Printed Enrolment Form) আগামী ১৬.১১.২০১৮ তারিখ (শুক্রবার) থেকে পাঠকেন্দ্রগুলিকে দেওয়া হবে। এই তিন কপি নিদর্শ ভালোভাবে মিলিয়ে দুই কপি পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদের তন্তুজ ভবনে জমা দেবেন এবং এক কপি পাঠকেন্দ্রে রেখে দেবেন। ২০১৭ সালের ডিসেম্বর মাসে যারা নাম নথিভুক্ত করেছেন বা ২০১৩ সালের জুন মাস থেকে ২০১৫ সালের ডিসেম্বর মাসের মধ্যে যারা অতিরিক্ত বিষয় নিয়েছিলেন অথবা পরীক্ষায় অনুত্তীর্ণ বা অনুপস্থিত ছিলেন বা পরীক্ষায় বসেননি, সেই পরীক্ষার্থীরা পরীক্ষায় নাম নথিভুক্ত করতে পারবেন।

যারা যে বিষয়গুলিতে পরীক্ষা দেবেন নথিভুক্ত নিদর্শে সেই বিষয়গুলি লাল কালিতে গোল করে দেবেন। মনে রাখবেন, বিষয় নথিভুক্ত করার এক বছর পরই কোনো পরীক্ষার্থী সেই বিষয়ে পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষার জন্য নাম নথিভুক্ত করার শেষ তারিখ (পরীক্ষার্থীদের জন্য) : ২৬.১১.২০১৮(সোমবার)


পাঠকেন্দ্র থেকে পূরণ করা (filled in) নথিভুক্ত নিদর্শ ও ড্রাফট
পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে জমা দেবার শেষ তারিখ : ২৮.১১.২০১৮(বুধবার)

উত্তরবঙ্গের ক্ষেত্রে : ২৯.১১.২০১৮(বৃহস্পতিবার)

নির্দিষ্ট তারিখের পর উল্লিখিত নিদর্শ ও ড্রাফট কোনোভাবে গ্রহণ করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য : নিদর্শ বা Enrolment সংক্রান্ত কোনো রকম সমস্যা থাকলে অতি সত্ত্বর তন্তুজ ভবনে যোগাযোগ করবেন।

নিদর্শ - ১ অবশ্যই দু কপি পূরণ করে সংসদের দপ্তরে পাঠাবেন।

ভবদীয়

সভাপতি ০৫/১১/১৮